

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৮৭

আগরতলা, ২৩ এপ্রিল, ২০২৪

রাজ্যে আর্দ্রতা ও তীব্র তাপ প্রবাহ

জনগণকে সচেতন করতে প্রয়োজনীয় পরামর্শ

সমগ্র রাজ্যে আর্দ্রতা ও তীব্র তাপ প্রবাহ চলছে। আবহাওয়া দপ্তরের রিপোর্ট অনুযায়ী এই পরিস্থিতি আগামী আরও কিছু দিন ধরে চলবে। জনগণের অবগতির জন্য আবহাওয়া দপ্তর সময়ে সময়ে আবহাওয়া সম্পর্কিত সর্বশেষ তথ্য দিয়ে যাচ্ছে। রাজ্যে আর্দ্রতা ও যে তাপ প্রবাহ চলছে সেদিকে লক্ষ্য রেখে রাজ্য সরকারের পক্ষ থেকে ইতিমধ্যেই রাজ্যে স্টেট স্পেসিফিক ডিজাস্টার ঘোষণা করা হয়েছে। এই পরিপ্রেক্ষিতে রাজস্ব দপ্তর থেকে আজ এক প্রেস রিলিজে প্রয়োজনীয় কিছু পরামর্শ দেওয়া হয়েছে। রাজ্যে সমস্ত জেলাস্তরীয় বিপর্যয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে এবিষয়ে জনগণকে সচেতন করতে বলা হয়েছে। রাজ্যবাসীর নিরাপত্তা নিশ্চিত করতে জেলা প্রশাসনকেও আপেক্ষিক সহায়তা কেন্দ্র, কুইক রেসপন্স টিমগুলিকে সক্রিয় করতে পরামর্শ দেওয়া হয়েছে ও অবিরাম বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে বলা হয়েছে। জনস্বার্থে প্রচারিত এই পরামর্শগুলি হল:

- \* সকাল ১০ টা থেকে ৩টা পর্যন্ত বাইরে বেরনো থেকে বিরত থাকা।
- \* স্বাভাবিকের তুলনায় বেশি জল খাওয়া।
- \* হালকা সূতি ও হালকা ধরণের বস্ত্র পরিধান করা, বাইরে রৌদ্রে বেরোলে ছাতা/টুপি ব্যবহার করা।
- \* বেশি পরিমাণে প্রোটিনযুক্ত খাবার ও বাসি খাবার খাওয়া থেকে বিরত থাকা।
- \* শরীরকে সতেজ রাখতে বাড়িতে তৈরি পানীয় যেমন লসি, লেবুজল, বাটারমিল্ক, ওআরএস ইত্যাদি পান করা।
- \* প্রাণীগুলিকে ছায়াতে রাখা এবং বেশি করে জল পান করানো।
- \* ভুট্টা, ডাল, ও অন্যান্য ক্ষেতে সেচের ব্যবস্থা করা ও প্রাণীদের বিশেষ করে বিকেলবেলা উপযুক্ত আস্তানায় রাখা।

\*\*\*\*\*